পরিকল্পনা বিভাগের আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	পরিকল্পনা বিভাগ	০১	-	০১	-	০১	০১	সর্বনিম্ন-৮.৩৩% সর্বোচ্চ-৮.৩৩%	০১	সর্বনিম্ন-১৫.১৭% সর্বোচ্চ-১৫.১৭%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যা** : ২০১৩-১৪ অর্থ বছরের এডিপিতে পরিকল্পনা বিভাগের বিপরীতে অন্তর্ভুক্ত ০১ (এক)টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ** : বাস্তবায়ন পর্যায়ে ডলারের বিপরীতে বাংলাদেশী মুদ্রার বিনিময়ের হার বৃদ্ধি পাওয়ায় এবং কতিপয় অংগের কার্যক্রম অসমাপ্ত থাকায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ঘটে।

৩। **সমাপ্তকৃত** প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে **প্রধান প্রধান** সমস্যা ও সুপারিশ :

সমস্যা	সুপারিশ
প্রকল্পের নামঃ "Capacity Building for the Planning Commission Poverty Environment and Climate Mainstreaming (PECM)" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প	
৩.১) সংশোধিত টিপিপি-তে অংগভিত্তিক ব্যয় বিবরণীতে প্রদর্শিত কতিপয় অংগের প্রাক্কলিত ব্যয় ও ভৌত কাজের লক্ষ্যমাত্রা এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ বর্ণিত সে সকল অংগের প্রাক্কলিত ব্যয় ও ভৌত কাজের লক্ষ্যমাত্রার মধ্যে অসংগতি পরিলক্ষিত হয়েছে।	৩.১) টিপিপি এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে বর্ণিত কতিপয় অংগের প্রাক্কলিত ব্যয়ের মধ্যে যে অসংগতি পরিলক্ষিত হয়েছে সে বিষয়ে কারণ ও যুক্তিসহ প্রকল্প কর্তৃপক্ষ যথাযথ ব্যাখ্যা প্রদান করতে পারে।
৩.২) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী কতিপয় অংগ যেমন পরামর্শক, Duty Travel (Study tour), আপ্যায়ন ইত্যাদি খাতে প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় অধিক।	৩.২) প্রকল্প সমাপ্তি প্রতিবেদনের অংগভিত্তিক ব্যয় বিবরণীতে কতিপয় অংগের প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয় অপেক্ষা অধিক হওয়ার বিষয়েও প্রকল্প কর্তৃপক্ষ যুক্তিসংগত ব্যাখ্যা প্রদান করতে পারে।

"Capacity Building for the Planning Commission Poverty Environment and Climate Mainstreaming (CPECM)" শীর্ষক কারিগরী সহায়তা
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ মার্চ, ২০১৪)

১। **প্রকল্পের অবস্থান : সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।**

২। **বাস্তবায়নকারী সংস্থা : সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।**

৩। **প্রশাসনিক মন্ত্রণালয় : পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা মন্ত্রণালয়।**

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মুল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোটঃ ৬৮৬.৫০ জিওবিঃ -- প্রঃসাঃ ৬৮৬.৫০	মোটঃ ৭৯০.৬৭ টাকাঃ -- প্রঃসাঃ ৭৯০.৬৭	মোটঃ ৭৪৭.৭৮ টাকাঃ -- প্রঃসাঃ ৭৪৭.৭৮	জুলাই, ২০১০ হতে সেপ্টেম্বর, ২০১৩	জুলাই, ২০১০ হতে মার্চ, ২০১৪	জুলাই, ২০১০ হতে মার্চ, ২০১৪	--	৬ মাস (৮.৩৩%)

৫। **প্রকল্পের অর্থায়নঃ** UNDP-এর অনুদান এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত।

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ** (সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর এর তথ্যের ভিত্তিতে)।

ক্র:নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	Revenue Component (Salary of Staff)					
1.	Admin/Finance Assistant	mm	15.74	35mm	15.74	35mm
2.	Office Secretary	mm	12.84	31mm	12.84	31mm
3.	IT Assistant	mm	16.42	32mm	16.41	39mm
	Supply and Services	L.S				
4.	Duty Travel/Study tour	L.S	6.35	On lot	9.15	--
5.	Courier	L.S	1.27	--	0.37	--
6.	Printing & Publication (training materials, reports etc)	L.S	53.21	On lot	31.91	--
7.	Expendables Stationary, seal, stamps, paper consumable etc.	L.S	13.09	On lot	13.05	--
8.	Monitoring (Inception workshop, Terminal Evaluation)	L.S	8.60	On lot	8.16	2 nos.
9.	Books & Journals	L.S	1.00	--	0.48	--
10.	Audio Video Documentary	L.S	--	--	0.66	--
11.	Communication and Advertising	--	4.60	--	4.91	--
12.	Training/short course	L.S	101.50	L.S	98.53	07 Nos.
13.	Consultations/Workshop/Seminar (for outputs 1.1, 1.2, 1.3, 1.4, 1.5, 2.1 & 2.2)	L.S	102.58	L.S	84.98	53 Nos.

14.	Office Entertainment	L.S	0.50		0.67	--
15.	Vehicle Rental	L.S	21.09	25mm	18.04	--
16.	Irregular Labor	L.S	1.65	L.S	2.16	--
17.	Consultancy (Individual/Institution)	L.S	357.60	L.S	367.29	--
18.	Office Cleanliness	L.S	0.17	L.S	0.26	--
19.	Committee Meeting (NSC, NTAC, PBM)	L.S	1.32	L.S	1.80	19 nos.
20.	Others	L.S	20.65	L.S	17.37	--
	Repair & Maintenance			L.S		
21.	Repair of Furniture	L.S	-	L.S	-	--
22.	Computer & Office Equipments	L.S	0.50	L.S	0.27	--
23.	Repair of machine and equipments	L.S	1.65	L.S	1.00	--
	Capital Component (Asset Accumulation and purchase)			L.S		
24.	Computer & related materials	Nos.	14.64	39 nos.	14.64(100 %)	--
25.	Computer software	--	--	L.S	--	--
26.	Office Machineries &Equipments	Nos.	21.49	36 nos.	15.89	--
27.	Furniture	Nos.	10.70	155 nos.	10.70(100 %)	--
28.	Tele Communication	--	1.00	1 PABX system	1.00(100 %)	--
29.	Miscellaneous Expenditure	L.S	0.50	L.S	0.50(100 %)	--
Total			**790.67**	**--**	**747.78**	**--**

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ প্রকল্পের পটভূমিঃ বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠী মূলত: প্রাকৃতিক সম্পদ ব্যবহারের উপর নির্ভরশীল, সে কারণে পরিবেশগত স্থিতিশীলতার সাথে দারিদ্র ও অর্থনৈতিক প্রবৃদ্ধি ওতপ্রোতভাবে জড়িত। অর্থনীতি, পরিবেশ, প্রতিবেশ, সমাজ এবং জনস্বাস্থ্যের উপর জলবায়ু পরিবর্তেনের নৈতিবাচক প্রভাবের কারণে দরিদ্র জনগণের জীবন-যাত্রার মান আরও অবনমিত হওয়ার ঝুঁকি রয়েছে। এ পরিপ্রেক্ষিতে জাতীয় উন্নয়ন পরিকল্পনায় এবং কার্যক্রমে টেকসই পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার নীতি ও কৌশল প্রতিফলিত হওয়া প্রয়োজন; যার প্রয়াসে সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির লক্ষ্য হচ্ছে বাংলাদেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও বাজেট পদ্ধতিতে Poverty Environment Climate (P-E-C) সংযোগসমূহকে অঙ্গীভূত (Integrate) করা এবং Stakeholder দের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা।

৭.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

(ক) বাংলাদেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও বাজেট পদ্ধতিতে দারিদ্র, পরিবেশ, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়সমূহ অর্ন্তভুক্তি;

(খ) বাংলাদেশ জলবায়ুর সাথে স্থিতিশীল দারিদ্র নিরসন কার্যক্রমে কার্যকর সহায়তা প্রদানের জন্য জাতিসংঘের দেশীয় সহায়তা বৃদ্ধি।

৭.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- জলবায়ু পরিবর্তন ও উন্নয়ন এর আন্তঃসম্পর্ক নির্ধারণে ২২টি কেস প্রজেক্ট বিশ্লেষণ;
- দীর্ঘ, মধ্য ও স্বল্পমেয়াদী পরিকল্পনায় দারিদ্র, পরিবেশ ও জলবায়ু বিষয়ে অন্তর্ভুক্তি;
- দারিদ্র, পরিবেশ ও জলবায়ু বিষয়ে পরিকল্পনা কমিশন, মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য দপ্তরের পরিকল্পনা সংশ্লিষ্ট কর্মকর্তাদের সক্ষম করে তোলা;
- ডিপিপি/টিপিপি ছকে দারিদ্র পরিবেশ, জলবায়ু সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা;
- এডিপি ও এমটিবিএফসহ অন্যান্য উন্নয়ন বাজেট কাঠামোতে জলবায়ু পরিবর্তন বিষয়টি সম্পৃক্ত করা; এবং
- দারিদ্র, পরিবেশ ও জলবায়ু বিষয়টি মূলধারায় সম্পৃক্তকরণে পরিকল্পনা কমিশনের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।

৮.০ অনুমোদন পর্যায়ঃ ''Capacity Building for the Planning Commission Poverty Environment and Climate Mainstreaming(CPECM)'' শীর্ষক প্রকল্পটি ইউএনডিপি ও ইউএনইপি-পিইআই এর আর্থিক সহায়তায় ৬৮৬.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১০ হতে সেপ্টেম্বর,২০১৩ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ৮ জুন, ২০১০ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। ডলারের বিপরীতে বাংলাদেশি মুদ্রার বিনিময় হার বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৭৯০.৬৭ লক্ষ টাকা এবং এ কারণে প্রকল্পটি সংশোধন করা হয়, যা ফেব্রুয়ারী ২০১৩ মাসে অনুমোদিত হয়। এরপর প্রকল্পের কার্যক্রম অসম্পন্ন থাকায় প্রকল্পটি ৩ মাস করে ২ দফায় ৬ মাস ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয় এবং প্রকল্পটি ৩১-০৩-২০১৪ তারিখে চূড়ান্তভাবে সমাপ্ত হয় ।

৯। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতিঃ

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি				অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব (%)		মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব (%)
২০১০-১১	১৮৮.০০	--	১৮৮.০০	২৫	১৭৫.৩৮	১৭৫.৩৮	--	১৭৫.৩৮	২৩
২০১১-১২	২০০.০০	--	২০০.০০	৩৫	২২৯.৬৩	২২৯.৬৩	--	২২৯.৬৩	৩২
২০১২-১৩	২৫০.০০	--	২৫০.০০	৩০	১৮৮.৫৯	১৮৮.৫৯	--	১৮৮.৫৯	২৮
২০১৩-১৪	১৯৭.০৬	--	১৯৭.০৬	১০	৫৯.৭৭	৫৯.৭৭	--	৫৯.৭৭	৪
মোটঃ	৮৩৫.০৬	--	৮৩৫.০৬	১০০%	৬৫৩.৩৭	৬৫৩.৩৭	--	৬৫৩.৩৭	৮৭%

১০। প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালক-এর দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	প্রকল্প পরিচালকের ধরন
১.	জনাব এস এম নাসিম উদ্দীন ম্যাক্রো অ্যান্ড পার্সপেক্টিভ প্ল্যানিং উইং সাধারণ অর্থনীতি বিভাগ	১০-০৬-২০১০	১৫-১০-২০১২	অতিরিক্ত দায়িত্বে
২.	জনাব মোঃ রেজাউল করিম, যুগ্ম প্রধান ম্যাক্রো অ্যান্ড পার্সপেক্টিভ প্ল্যানিং উইং সাধারণ অর্থনীতি বিভাগ	১৫-১০-২০১২	২১-১০-২০১২	অতিরিক্ত দায়িত্বে
৩.	জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্ম প্রধান ম্যাক্রো অ্যান্ড পার্সপেক্টিভ প্ল্যানিং উইং সাধারণ অর্থনীতি বিভাগ	১৬-০৭-২০১৩	প্রকল্প সমাপ্তি পর্যন্ত	অতিরিক্ত দায়িত্বে

১১। প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জনঃ

উদ্দেশ্য	অর্জন
১) বাংলাদেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও বাজেট পদ্ধতিতে দারিদ্র পরিবেশ জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়সমূহ অর্ন্তভুক্তি	১) প্রকল্পের আওতায় দারিদ্র-পরিবেশ-জলবায়ু পরিবর্তন-দুর্যোগ এর আন্ত:সম্পর্ক অর্থাৎ Poverty- Environment-climate-Disaster (PECD) nexus সংক্রান্ত বিষয়টি ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৮ম অধ্যায়ের Part-1 এবং দশম অধ্যায়ের Part-2 এ সংযোজন করা হয়েছে।
	২) সাধারণ অর্থনীতি বিভাগের অধীনে প্রণীত Perspective Plan: Making Vision 2021 Reality (2010-2021) দলিলে ১৮ টি PECD আন্ত:সম্পর্কীয় বাস্তবায়ন কৌশল অন্তভুক্ত করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও এজেন্সী কর্তৃক PECD সংক্রান্ত বিষয়সমূহ বাস্তবায়নে সুবিধার লক্ষ্যে এই Perspective Plan টি বাংলায় মুদ্রিত হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় পরিকল্পনা কমিশনকে সকল ধরনের টেকনিক্যাল ও আর্থিক সুবিধা প্রদান করা হয়েছে Plan documnent টি মুদ্রণ এবং সকল Stakeholder-দের নিকট পৌঁছে দেয়ার জন্য।
	৩) দারিদ্র-পরিবেশবান্ধব-দুর্যোগ-জলবায়ু সংক্রান্ত অধিক সংখ্যক প্রকল্প গ্রহণের জন্য ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরের Annual Development Plan (ADP) গাইডলাইনে Poverty-Environment-climate আন্ত:সম্পর্কীয় (nexus) ৪টি Clause অন্তর্ভুক্ত করা হয়েছে।
	৪) কৃষি সেক্টরের Climate Investment Plan (CIP) এর ৩টি কর্মসূচীতে Poverty- Environment-climate-Disaster (PECD) nexus issue অন্তর্ভুক্ত করা হয়েছে।
	৫) National Sustainable Development Strategy (NSDS) 2010-2021- এ PECD nexus (আন্ত:সম্পর্ক) বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হয়েছে এবং NSDS দলিলে ‘ National Disaster and Climate Change’ শিরোনামে ১টি অধ্যায় সংযোজন করা হয়েছে।
	৬) আলোচ্য প্রকল্পের আওতায় ২০১০-১১ অর্থবছরের এডিপিভুক্ত ২২টি Case Project নির্বাচন করে এই প্রকল্প দলিলগুলোতে দারিদ্র-পরিবেশ-জলবায়ু-দুর্যোগ (Poverty-Environment- Climates-Disaster, PECD) বিষয়গুলো বিবেচনা করা হয়েছিল কিনা তা বিশ্লেষণ করা হয়েছে। এ সমীক্ষা পরিচালনার মাধ্যমে পাবলিক সেক্টরের ১৮ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ তাদের প্রকল্পসমূহের ডিজাইন, বাস্তবায়ন ও সংশোধন প্রক্রিয়ায় PECD nexus অন্তর্ভুক্তকরণে সম্মত হয়েছে। এগুলোর মধ্যে i) “Production, Storage and Designing of Quality Rice, ii) Wheat and Jute seeds at Farmers Level Project”, iii) “Gorai River Perspective Project” এবং iv) “One house, One Farm” প্রকল্পগুলো উল্লেখযোগ্য।
	৭) সকল Development Project Proforma (DPP)-তে PECD বিষয়াবলী সংক্রান্ত ৬ টি Clause এবং ৩ টি সংযোজনী (Annexure) এবং TPP Format-এ ১ টি Annexure অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় DPP/TPP প্রণয়ন সংক্রান্ত একটি ম্যানুয়াল (দারিদ্র সহায়ক, পরিবেশ বান্ধব এবং জলবায়ুও দুর্যোগ ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত Indicator সহ) প্রণয়ন করা হয়েছে।
	৮) Climate Public Expenditure and Institutional Review (CPEIR) সম্পন্ন করা হয়েছে। CPEIR সমীক্ষার ফলশ্রুতিস্বরূপ অর্থবিভাগে Climate Budget Code সহ Climate Fiscal Framework চালু করা হয়েছে;

উদ্দেশ্য	অর্জন
	৯) Poverty-Environment-Climate Change and Disaster Inclusive Development Project design বিষয়ে ১৯১ জন পরিকল্পনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, ৫ জন পরিকল্পনা সংশ্লিষ্ট কর্মকর্তাকে ICCCAD কর্তৃক প্রদত্ত আন্তর্জাতিক প্রশিক্ষণের আওতায় আনা হয়েছে।
খ) বাংলাদেশে জলবায়ুর সাথে স্থিতিশীল দরিদ্র নিরসন কার্যক্রমে কার্যকর সহায়তা প্রদানের জন্য জাতিসংঘের দেশীয় সহায়তা বৃদ্ধি।	১) "Union parishad Government Project (UPGP)", "Comprehensive Disaster Management Project (CDMP)" এবং "Environment and disaster Cluster of UNDP of Bangladesh"- এ PECD সংক্রান্ত বিষয়াবলী অন্তর্ভুক্ত করা হয়েছে।
	২) United Nations Development Assistance Framework-এ দারিদ্র, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত সরকারি উদ্যোগ ও বিনিয়োগে সহায়তা প্রদানের লক্ষ্যে দারিদ্র, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত Indicator অন্তর্ভুক্ত করা হয়েছে।

১২। কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই বলে অবহিত করা হয়েছে।

১৩। ***মূল্যায়ন পদ্ধতি* (Methodology) :** *মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণ করা হয়েছে।*

ক) টিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;

খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা;

গ) PEC, Project Steering Committee, Project Implementation Committee (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

ঘ) প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং

ঙ) প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। মনিটরিং: প্রতি মাসে পরিকল্পনা বিভাগ কর্তৃক অনুষ্ঠিত এডিপি বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা সভায় আলোচ্য প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করা হয়েছে। এছাড়া, প্রকল্প বাস্তবায়নকালে ইউএনডিপি ও ইউএনএফপি-বরাবর মাসিক, ত্রৈমাসিক, বার্ষিক ও দ্বিবার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। আইএমইডি কর্তৃক প্রকল্পটি মনিটরিং করা হয়নি।

১৫। অডিট সম্পর্কিত তথ্যঃ

(ক) **অভ্যন্তরীণ অডিটঃ** প্রযোজ্য নয়।

(খ) **এক্সটার্নাল অডিটঃ** প্রকল্পটির উপর অডিট কার্যক্রম পরিচালনা করা হয় ২০১১-১২, ২০১২-১৩ এবং ২০১৩-১৪ অর্থবছরে। ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরের অডিট কার্যক্রমে কোন আপত্তি উত্থাপিত হয়নি বলে প্রকল্প সূত্রে ও প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) থেকে জানা যায়। তবে ২০১৩-১৪ অর্থবছরে সম্পাদিত অডিট প্রতিবেদন পরিদর্শনের দিন পর্যন্ত পাওয়া যায়নি মর্মে জানা গেছে।

১৬। প্রকল্প পরিদর্শনঃ *গত ২২-০৭-২০১৪ এবং ৩১-০৮-২০১৪ তারিখে প্রকল্পটির কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। আলোচ্য কারিগরী সহায়তা প্রকল্পটির মূল লক্ষ্য ছিল বাংলাদেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও বাজেট পদ্ধতিতে* Poverty-Environment-Climate-Change (P-E-C) *সংযোগসমূহকে*

অঙ্গীভূত করা এবং সংশ্লিষ্ট Stakeholder *দের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা। এ উদ্দেশ্যে প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলীর বিবরণ নিম্নরূপঃ*

(ক) সরকারি খাতের উন্নয়ন প্রকল্প প্রণয়ন/প্রক্রিয়া সংশ্লিষ্ট ১৯১ জন কর্মকর্তাকে ২০১১ ও ২০১২ সালে "Poverty, Environment, Climate change and Disaster Inclusive Development Project Design" বিষয়ে ০৫ দিন মেয়াদী প্রশিক্ষণ প্রদান;

(খ) জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ বিষয় অন্তর্ভুক্তির জন্য উন্নয়ন প্রকল্প ছকের সংশোধন;

(গ) উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রস্তুতি বিষয়ে পূর্ণাঙ্গ গাইডলাইন প্রণয়ন;

(ঘ) জাতীয় পরিকল্পনা দলিলসমূহে জলবায়ু পরিবর্তনের বিষয়টি অন্তর্ভুক্তিতে কারিগরী সহায়তা প্রদান;

(ঙ) এডিপি গাইডলাইনে জলবায়ু পরিবর্তন বিষয়টি অন্তর্ভুক্তিতে কারিগরী সহায়তা প্রদান;

(চ) জলবায়ু পরিবর্তন বিষয়টি পরিকল্পনা ও বাজেট কার্যক্রমের মূলধারায় আনয়নের জন্য বিভিন্ন দিক নির্দেশনামূলক প্রকাশনা;

(ছ) অর্থবিভাগের সাথে যৌথভাবে Climate fiscal Framework প্রণয়ন।

১৬.১ **প্রকাশনাঃ** জলবায়ু পরিবর্তন বিষয়টি পরিকল্পনা ও বাজেট কার্যক্রমের মূলধারায় আনার জন্য প্রকল্পের আওতায় কতিপয় প্রকাশনা রয়েছে। প্রকাশনাগুলোর শিরোনাম নিম্নরূপঃ

(a) Public Expenditure for Climate Change: Bangladesh climate public expenditure and Institutional Reviews;

(b) Capacity Building strategy for climate mainstreaming a strategy for public sector planning Professionals;

(c) Reverting changes: An Impact Amusement of Training on poverty-Environment-climates-Disaster news;

(d) Towards resilient development: Scope for Mainstreaming Poverty, Environment, climate change and disaster in Development Projects;

(e) An Indicator in Framework for inclusive and resilient Development.

১৬.২ অতীতে গৃহীত ডিপিপি এবং টিপিপিতে দারিদ্র পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের বিষয়গুলো আদৌ বিবেচনা করা হয়েছিল কিনা এবং হয়ে থাকলে কিভাবে করা হয়েছিল তা পর্যালেচনার লক্ষ্যে ২২টি কেস স্টাডি প্রকল্পের মাঠ পর্যায়ে পরিদর্শন করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। এছাড়া, স্থানীয় পর্যায়ে জলবায়ু সমস্যা মোকাবিলার জন্য ব্যয় প্রতিফলিত করে বাজেট কাঠামো প্রণয়নের লক্ষ্যে প্রকল্পের আওতায় ৭টি বিভাগের ৮টি ইউনিয়নে মাঠ পরিদর্শন সম্পন্ন হয়েছে। আরও উল্লেখ করা যায় যে, আলোচ্য প্রকল্পের আওতায় পরিকল্পনা কমিশন/আইএমইডি/ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের সাথে সম্পৃক্ত বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর ও অধিদপ্তরের ১৯১ জন কর্মকর্তাকে " Poverty, Environment-climate Change and Disaster inclusive Development Project Design" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে প্রাপ্ত প্রশিক্ষণ কতটুকু কাজে লাগাতে পারছে তা মূল্যায়নের জন্য পরামর্শক নিয়োগ করে " Training Impact Assessment" করা হয়। এই Assessment- এ প্রাপ্ত সুপারিশগুলো পরবর্তী " Training Module-এ সংযোজন করা হয়েছে মর্মে জানা গেছে।

১৭। বাস্তবায়ন সমস্যাঃ

১৭.১ সংশোধিত টিপিপি-তে অংগভিত্তিক ব্যয় বিবরণীতে প্রদর্শিত কতিপয় অংগের প্রাক্কলিত ব্যয় ও ভৌত কাজের লক্ষ্যমাত্রা এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এ বর্ণিত সে সকল অংগের প্রাক্কলিত ব্যয় ও ভৌত কাজের লক্ষ্যমাত্রার মধ্যে অসংগতি পরিলক্ষিত হয়েছে।

১৭.২ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী কতিপয় অংগ যেমন পরামর্শক, Duty Travel (Study tour), আপ্যায়ন ইত্যাদি খাতে প্রাক্কলিত ব্যয়ের তুলনায় প্রকৃত ব্যয় অধিক।

১৮। সুপারিশঃ

১৮.১ টিপিপি এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে বর্ণিত কতিপয় অংগের প্রাক্কলিত ব্যয়ের মধ্যে যে অসংগতি পরিলক্ষিত হয়েছে সে বিষয়ে কারণ ও যুক্তিসহ প্রকল্প কর্তৃপক্ষ যথাযথ ব্যাখ্যা প্রদান করতে পারে।

১৮.২ প্রকল্প সমাপ্তি প্রতিবেদনের অংগভিত্তিক ব্যয় বিবরণীতে কতিপয় অংগের প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয় অপেক্ষা অধিক হওয়ার বিষয়েও প্রকল্প কর্তৃপক্ষ যুক্তিসংগত ব্যাখ্যা প্রদান করতে পারে।